গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, ঢাকা
Web: www.bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.০৯.২৪.১২২

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

# ফেলোশিপ বিজ্ঞপ্তি

**বিষয় :** ২০২৩-২০২৪ অর্থ বছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস ও পিএইচডি) ফেলোশিপের আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর নিয়ন্ত্রনাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট এর আওতায় কেবলমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়সমূহে দেশে/বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস ও পিএইচডি) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/bstft/bst-fellowship) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। ফেলোশিপের আওতায় গবেষণার বিসয়সমুহঃ
বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট নিম্নলিখিত ও এতদসংশ্লিষ্ট ক্ষেত্র সমূহে ফেলোশিপ প্রদান করা হবে।
পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গনিত ও পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেল্থ ও প্রিভেনটিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অনুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্লানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

২। ফেলোশিপ আবেদনকারীর যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি হতে হবে।

(খ) কেবলমাত্র শিক্ষা জীবনের সকল পর্যায়ে বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী/গবেষক ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। শিক্ষা জীবনের যেকোন পর্যায়ে মানবিক (Humanities), ব্যবসায় শিক্ষা (Business Studies) বিভাগের কোন শিক্ষার্থী/গবেষক আবেদনের জন্য যোগ্য হবেন না।

(গ) আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ ও Power Point Presentation (in person অথবা ক্ষেত্র বিশেষে online) নেওয়া হবে।

(ঘ) যে সমস্ত শিক্ষক/আবেদনকারী ইতোপূর্বে MS করেছেন, তারা ২য় বার MS কোর্সে ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন না।

(ঙ) আবেদনকারী সরকারি চাকুরিজীবী হলে তার চাকুরি স্থায়ী (শিক্ষা ছুটি আবশ্যক) হতে হবে।

(চ) শিক্ষাগত যোগ্যতা: ফেলোশিপ-এর জন্য আবেদনকারীগণের শিক্ষা জীবনে স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে এম.এস এর ক্ষেত্রে ন্যুনতম ৩টি ১ম শ্রেণি ও পিএইচডির ক্ষেত্রে ন্যুনতম ৪টি ১ম শ্রেণি অথবা সিজিপিএ পদ্ধতিতে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.২৫ এবং ৫.০০ স্কেলে ন্যূনতম ৪.০০ থাকতে হবে। শিক্ষা বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের

কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। গবেষণার বিষয়বস্তু যদি জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উদ্ভাবনী কাজে বিশেষ অবদান রাখবে বলে বিবেচিত হয় সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ছ) অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-১ এ উল্লিখিত বিষয়েকোর্স চলাকালীন সময়ে শিক্ষাছুটিসহ (চাকুরিজীবিদের জন্য প্রযোজ্য) সার্বক্ষণিকভাবে তথা পূর্ণকালীন (Full Time) অধ্যয়নরত/গবেষণারত/সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ সুপারভাইজার কর্তৃক চূড়ান্ত ভর্তির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

(জ) ডক্টরাল ফেলোশিপের ক্ষেত্রে মাস্টার্স পর্যায়ে ইংরেজিতে থিসিস লেখার অভিজ্ঞতাসম্পন্ন এবং দেশি/বিদেশি জার্নালে ইংরেজিতে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঝ) আবেদনকারীর বয়স: আবেদন জমাদানের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বছর, ডক্টরাল কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪৫ হতে হবে।

(ঞ) আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত কার্যকর valid IELTS (Academic)/TOEFL iBT/PTE Academic স্কোর থাকতে হবে। IELTS (Academic) এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৬.৫, TOEFL iBT এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৮৮, PTE Academic এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৫৯ ও তদনুসারে অন্যান্য স্বীকৃত কোন স্কোর বিবেচনা হবে। উপর্যুক্ত স্কোর এর নিম্নে স্কোরপ্রাপ্তগণ আবেদনের অযোগ্য বিবেচিত হবে।

(ট) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সর্বশেষ প্রকাশিত "The Times Higher Education World University Overall Rankings" অনুযায়ী মাস্টার্স (M.S) ও পিএইচডি (PhD) উভয় কোর্সের জন্য প্রার্থীদেরকে ১ থেকে ৩০০ এর মধ্যে অবস্থিত বিশ্ববিদ্যালয়/শিক্ষাপ্রতিষ্ঠান হতে ভর্তির অফার লেটার আনয়ন করতে হবে।

(ঠ) পাঁচ (৫) বছরের অনার্স কোর্স সম্পন্নকারী কোন শিক্ষার্থী/গবেষক যদি পিএইচডি কোর্সের জন্য ভর্তির অফার পায় এবং অন্যান্য সকল প্রয়োজনীয় যোগ্যতা যদি থাকে তবে তাকে ঐ কোর্সের জন্য আবেদনকারী হিসাবে বিবেচনা করা যাবে।

৩। ফেলোশিপ আবেদন ও জমা প্রদান পদ্ধতিঃ

(ক) অনলাইনে আবেদন ও আবেদনের প্রিন্টেড কপিসহ সকল কাগজপত্র ট্রাস্ট দপ্তরে জমাদান: সংশ্লিষ্ট ওয়েবসাইট (https://grant.most.gov.bd/en/services/bstft/bst-fellowship) হতে সরাসরি অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনের আবেদনের কপি প্রিন্ট করে আপলোডকৃত সকল কাগজপত্র স্পাইরাল বাইন্ডিংসহ **"প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, ১১তম তলা, জাতীয় বিজ্ঞান প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিএসসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭"** ঠিকানায় নির্ধারিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।

(খ) অনলাইনে ফেলোশিপ আবেদন এবং কাগজপত্র জমাদানের শেষ সময় **১৫ই মে, ২০২৪।**

(গ) আবেদনে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবেঃ

(১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কসীটের ছায়ালিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

(২) আবেদন পত্রের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত ভর্তির অফার লেটার সংযুক্ত করতে হবে।

(৩) দেশে ফেলোশিপের জন্য বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটের সংশ্লিষ্ট কোর্সে ভর্তির সংশ্লিষ্ট কাগজপত্র ও ভর্তির রশিদ সংযুক্ত করতে হবে। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফার লেটার প্রাথমিকভাবে বিবেচনা করা যাবে। কিন্তু দ্বিতীয় কিস্তির ফেলোশিপের অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনের সাথে বিশ্ববিদ্যালয়ের ভর্তির রশিদ অবশ্যই দাখিল করতে হবে।

(৪) "আবেদনকারী একজন সার্বক্ষণিক তথা পূর্ণকালীন (Full Time) শিক্ষার্থী/গবেষক" এই মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রত্যয়নপত্রে বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

(৫) তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাবের অনুলিপি দাখিল করতে হবে। উক্ত অনুলিপিতে তত্ত্বাবধায়কের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

(৬) সকল প্রার্থীকে "অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না" মর্মে ৩০০(তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণা দিতে হবে।

(৭) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৮) আবেদনের খামের উপর অবশ্যই আবেদনের বিষয় (কোর্সের নাম যথা- পিএইচডি দেশে/বিদেশে, এমএস বিদেশে) উল্লেখ করতে হবে।

(৯) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও পাসপোর্ট (যদি থাকে) এর সত্যায়িত কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

(১০) পিএইচডি দেশে আবেদনকারীকে "বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টে"-র অনুকূলে ২০০০ টাকা এবং এমএস বিদেশ ও পিএইচডি বিদেশ এর ক্ষেত্রে ৫০০০ টাকা অনলাইনে পেমেন্ট করতে হবে।

৪। বিবিধঃ

(ক) ফেলোশিপ সংক্রান্ত তথ্য জানতে ট্রাস্টের ওয়েবসাইটে রক্ষিত নীতিমালা ও সচারচর জিজ্ঞাসা অংশে দেখার জন্য অনুরোধ করা হলো।

(খ) অনালাইনে আবেদন, আবেদনের কপিসহ সকল কাগজ ট্রাস্ট অফিসে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে অন্যথায় ফেলোশিপের আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে।

(গ) আবেদনকারী আবেদনে কোন মিথ্যা তথ্য বা কোন ধরণের জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন/ ফেলোশিপ তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) ফেলো নির্বাচনকালীন যেকোন পর্যায়ে আবেদনকারী/আবেদনকারীর পক্ষে কোন ধরণের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(ঙ) বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.bstft.gov.bd) দেখা যেতে পারে।

(চ) আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে টিকিট তৈরি করুণ অথবা সংশ্লিষ্ট (+880 1713-157012, +880 1796-244480) নম্বরে যোগাযোগ করুণ।

০৪/০৪/২০২৪

নাজনীন হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ও
যুগ্মসচিব (প্রশাসন)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়